

বিনোদন

চ্যাম্পিয়নদের পাশে আছি, আরেকটি লড়াইয়ের অপেক্ষা: পূর্ণিমা



প্রতিবেদক: বিনোদন ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ইংল্যান্ডকে হারিয়ে বিশ্বকাপের ফাইনালে উঠেছে লিওনেল মেসির আর্জেন্টিনা। প্রিয় দলের এই দারুণ জয়ে বিশ্বজুড়ে সমর্থকদের মতো উচ্ছ্বাসে মেতেছেন দেশের জনপ্রিয় চিত্রনায়িকা দিলারা হানিফ পূর্ণিমাও।

সামাজিকমাধ্যমে এক বার্তায় নিজের অনুভূতি ভাগ করে নিয়েছেন এই নায়িকা। ম্যাচ শেষে নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে আর্জেন্টিনার জয় উদযাপন করে তিনি লেখেছেন, “চ্যাম্পিয়নদের পাশে আছি। আর্জেন্টিনা আবারও বিশ্বকাপের ফাইনালে। শেষ আরেকটি লড়াইয়ের অপেক্ষা।”

পূর্ণিমার ছোট্ট এই বার্তাতেই স্পষ্ট হয়ে ওঠে আর্জেন্টিনার প্রতি তার ভালোবাসা।

পোস্টটি প্রকাশের পরপরই ভক্ত-অনুরাগীরাও মন্তব্যের ঘরে শুভেচ্ছা, অভিনন্দন এবং উদযাপনের বার্তায় ভরে দেন।

এর আগে সুইজারল্যান্ডকে হারিয়ে বিশ্বকাপের সেমিফাইনালে উঠেছিল আর্জেন্টিনা।

সেই জয়ের পরও এক পোস্টে এই অভিনেত্রী লিখেছিলেন, []বিশুদ্ধ আবেগ। বিশুদ্ধ আবেগ। সেমি ফাইনালিস্ট![]

উল্লেখ্য, শিরোপা নির্ধারণী ম্যাচে আগামী ২০ জুলাই বাংলাদেশ সময় সোমবার রাত ১টায় স্পেনের মুখোমুখি হবে আর্জেন্টিনা। যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক নিউ জার্সি স্টেডিয়ামে বিশ্বকাপের বহুল প্রতীক্ষিত এই ফাইনাল অনুষ্ঠিত হবে। এখন দেখার অপেক্ষা কোন দল এবারের চ্যাম্পিয়ন হয়।

এ বিভাগের আরও খবর



দশ বছর পর দাম্পত্যে ইতি টানলেন প্রীতম-শেহতাজ
দীর্ঘ ১০ বছরের সম্পর্ক ও দাম্পত্য জীবনের পর বিচ্ছেদের সিদ্ধান্ত নিয়েছেন সংগীতশিল্পী প্রীতম হাসান ও মডেল-অভিনেত্রী শেহতাজ মনিরা হাসেম। পারস্প...



একসময় গরিব ছেলে পছন্দ ছিল: প্রভা
অভিনেত্রী সাদিয়া জাহান প্রভাকে এখন পর্দায় কালেভদ্রে দেখা যায়। তবে সামাজিক যোগাযোগমাধ্যমে নিয়মিতই সরব তিনি। বিভিন্ন পোস্টের মাধ্যমে অনুসারীসে...



বিমানবন্দরে গ্রেপ্তার অপু বিশ্বাসের [শিকার] নায়ক

হত্যা মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশ গ্রেপ্তারঢাকা প্রতিনিধি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় সংঘটিত একটি হত্যা মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশকে...



এক হাজার টাকায় গুরু, শেষটা নিঃস্ব হয়ে: জুয়া নিয়ে ভিডিও বানিয়ে প্রশংসায় চমক

এক হাজার টাকায় গুরু, শেষটা নিঃস্ব হয়ে! সহজে টাকা আয়ের রত্নিন যুগ্মে অনলাইন জুয়ার ফাঁদে পড়েছিলেন শিহাব নামের এক যুবক। হারানো টাকা ফেরত পাওয়ার...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/entertainment/chjampiynder-pashe-achhi-arekti-lraiye-opeksha-purnima>